# প্যাড বা কালেকশন ব্যাগ ব্যবহার করে প্রস্রাবের নমুনা সংগ্রহের পদ্ধতি।

### শিশু এবং ছোট বাচ্চাদের জন্য।


## ইউরিন কালেকশন ব্যাগ [প্রস্রাব সংগ্রহের ব্যাগ]

1



নমুনা সংগ্রহের আগে এবং পরে সাবান ও পানি দিয়ে আপনার হাত ধুয়ে নিন।

2




শিশুর যৌনাঙ্গের চারপাশের ত্বক পরিষ্কার করুন ও শুকিয়ে নিন।

3




ব্যাগটি যৌনাঙ্গের চারপাশের ত্বকে ভালোভাবে আটকে দিন, তারপর একটি ন্যাপি পরিয়ে দিন।

4



শিশু প্রস্রাব করা শেষ করলে, আপনার হাত ধুয়ে ফেলুন, সাবধানে ব্যাগটি খুলে ফেলুন, একটি কোণা কেটে ফেলুন এবং সংগৃহীত প্রস্রাব জীবাণুমুক্ত পাত্রে ঢেলে দিন। ব্যাগটি যেন পাত্রের ভেতরের অংশ স্পর্শ না করে।

5



পাত্রের ঢাকনাটি সঙ্গে সঙ্গে লাগিয়ে দিন এবং শক্ত করে আটকে দিন।


## ইউরিন কালেকশন প্যাড [প্রস্রাব সংগ্রহের প্যাড]

1



নমুনা সংগ্রহের আগে এবং পরে আপনার হাত পরিষ্কার করুন।

2




প্যাডটি নেপির ভেতরে রাখুন এবং শিশুকে স্বাভাবিকভাবে, তা পরিয়ে দিন। প্যাডটি ভিজেছে কি না, তা দেখার জন্য প্রতি ১০ মিনিট অন্তর পরীক্ষা করুন। ৩০ মিনিটের বেশি প্যাড রেখে দেবেন না, কারণ এতে নমুনায় জীবাণু প্রবেশের ঝুঁকি বাড়ে।

3




প্রতি ৩০ মিনিট অন্তর একটি নতুন প্যাড দিয়ে প্রক্রিয়াটি পুনরায় শুরু করুন, অথবা শিশু মলত্যাগ করলে একইভাবে নতুন প্যাড ব্যবহার করুন, যতক্ষণ না শিশু প্যাডে প্রস্রাব করে।

4



প্যাড অপসারণের আগে আপনার হাত ধুয়ে নিন। প্যাড থেকে প্রস্রাব টেনে নেওয়ার জন্য সরবরাহকৃত সিরিঞ্জটি ব্যবহার করুন এবং সেটি জীবাণুমুক্ত কন্টেইনারে স্থানান্তর করুন। সিরিঞ্জ দিয়ে কন্টেইনারের ভেতরের অংশ স্পর্শ করবেন না।

5



কন্টেইনারের ঢাকনাটি সাথে সাথে লাগিয়ে দিন এবং ভালোভাবে শক্ত করে আটকে দিন।

6



তুলা ব্যবহার করবেন না। উল, গজ বা অন্য কোনো ধরনের প্যাড ব্যবহার করবেন না, কারণ এগুলো পরীক্ষার ফলাফলের ওপর প্রভাব ফেলতে পারে।

## সাধারণ বিষয়সমূহ।

- নমুনা সংগ্রহের আগে **শিশুর যৌনাঙ্গ পরিষ্কার করুন ও শুকিয়ে নিন।**
- **প্রস্রাবের নমুনা সংগ্রহের আগে** এবং পরে সবসময় সাবান ও পানি দিয়ে আপনার হাত ভালোভাবে ধুয়ে নিন।
- **নমুনা সংগ্রহের জন্য প্রস্তুত না হওয়া** পর্যন্ত জীবাণুমুক্ত পাত্রটি খুলবেন না।
- **শুধুমাত্র আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী যদি আপনাকে প্যাড বা ব্যাগ** সরবরাহ করেন এবং সেগুলো কীভাবে ব্যবহার করতে হয় তা বুঝিয়ে বলেন, তবেই তা ব্যবহার করবেন। তারা আপনাকে যে নির্দেশাবলী দেবেন, তা অনুসরণ করুন।
- **পাত্রের ভেতরের অংশ স্পর্শ** করা থেকে বিরত থাকুন এবং শিশুর যৌনাঙ্গ যেন পাত্রের কোনো অংশকে স্পর্শ না করে সেদিকে খেয়াল রাখুন।
- **আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী যদি বলে থাকেন, তবে নমুনা** সংগ্রহের আগেই পাত্রটিতে লেবেল লাগিয়ে নিন।

## সারসংক্ষেপ তথ্য

### প্রস্রাবের নমুনা সংগ্রহের জন্য ব্যবহৃত সরঞ্জাম ব্যবহার করার সময় নির্দেশনাগুলো কেন সতর্কতার সঙ্গে অনুসরণ করা প্রয়োজন?

ধাপগুলো সঠিকভাবে অনুসরণ করলে, নমুনায় জীবাণু প্রবেশ রোধ করা যায়, যা পরীক্ষার ফলাফলকে আরও নির্ভরযোগ্য করে তোলে।

### আমি কি বাড়ির কোনো বোতল, জার ব্যবহার করতে পারি?

নমুনা সংগ্রহের জন্য আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে যে পাত্রটি দিয়েছেন, সেটিই ব্যবহার করুন।

### আমি কখন প্রস্রাবের নমুনা সংগ্রহ করছি, তা কি গুরুত্বপূর্ণ?

সেরা মানের নমুনা পাওয়ার জন্য আপনার অ্যাপয়েন্টমেন্টের সময়ের যত কাছাকাছি সম্ভব নমুনা সংগ্রহ করার চেষ্টা করুন।

**আরও তথ্যের জন্য এখানে স্ক্যান করুন।**

## প্রস্রাবের নমুনা জমা দেওয়ার টিপস।

**নমুনাটি দ্রুত জমা দিন।** যত দ্রুত সম্ভব, আদর্শগতভাবে দুই ঘণ্টার মধ্যে এটি আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে নিয়ে যান।

**নমুনাটি ঠান্ডা রাখুন।**
যদি নমুনাটি দ্রুত জমা দিতে না পারেন, তবে সেটিকে একটি প্লাস্টিকের ব্যাগে ভরে ফ্রিজে রাখুন যতক্ষণ না আপনি তা জমা দিতে পারছেন।

**নমুনা জমা দেওয়ার সময়সূচী দেখে নিন।**
নমুনাটি যেন একই দিনে ল্যাবে পৌঁছাতে পারে, সেজন্য সর্বশেষ কখন জমা দেওয়া যাবে, তা জেনে নিন।

**বিশেষ জীবাণুমুক্ত পাত্র ব্যবহার করুন।**
কিছু পাত্রে প্রিজারভেটিভ পাউডার থাকে এবং এতে কতটুকু নমুনা নিতে হবে, তার একটি নির্দিষ্ট দাগ থাকে। পাত্রের দাগ পর্যন্ত পূর্ণ করার চেষ্টা করুন, তবে তা সম্ভব না হলে, যতটুকু সম্ভব প্রস্রাব সংগ্রহ করুন।

© ক্রাউন কপিরাইট [ Crown copyright] ২০২৬। সংস্করণ ১। প্রকাশিত: জুলাই ২০২৬। সংশোধনের তারিখ: জুলাই ২০২৯। এই নথিটি স্বাস্থ্যসেবা পেশাজীবী, রোগী এবং পেশাদার চিকিৎসা সংস্থাগুলোর সাথে পরামর্শ করে তৈরি করা হয়েছে। TARGET [টার্গেট] স্বাস্থ্যসেবা সংক্রান্ত এই প্রকল্পটি ইউকে হেলথ সিকিউরিটি এজেন্সি [UK Health Security Agency] দ্বারা পরিচালিত হয়।